



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ॥প্রেস বিজ্ঞপ্তি॥

### জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

বাংলাদেশের আকাশে আজ কোথাও পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা যায়নি  
আগামী ১৭ অক্টোবর মঞ্জলবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু  
আগামী ২৭ অক্টোবর শূক্রবার পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে

ঢাকা, ১৫ অক্টোবর, রবিবার ২০২৩

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪৫ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ১৬ অক্টোবর সোমবার পবিত্র রবিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৭ অক্টোবর মঞ্জলবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা করা হবে। পরিপ্রেক্ষিতে, আগামী ২৭ অক্টোবর শূক্রবার পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে। আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান এমপি।

সভায় ১৪৪৫ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি, ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ, ১৫ অক্টোবর ২০২৩ খ্রি. রবিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামী ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ, ১৬ অক্টোবর ২০২৩ সোমবার পবিত্র রবিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে। আগামী ০১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ, ১৭ অক্টোবর ২০২৩ মঞ্জলবার থেকে ১৪৪৫ হিজরি সালের পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৪৫ হিজরি, ১১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ, ২৭ অক্টোবর ২০২৩ তারিখ শূক্রবার পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে।

সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মুঃ আঃ হামিদ জমাদ্দার, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ড. মহাঃ বশিরুল আলম, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব মোঃ সাইফুল ইসলাম ভূঁইয়া, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ নজরুল ইসলাম, সিনিয়র উপ-প্রধান তথ্য কর্মকর্তা মোঃ আবদুল জলিল, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ শহিদুল ইসলাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ আজিজুর রহমান, বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের সহকারী প্রশাসক মোঃ শাহরিয়ার হক, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মোঃ জুলফিকার রহমান কোরাইশী, ঢাকা জেলা প্রশাসনের সহকারী কমিশনার মোঃ শফিকুল আলম, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মুহাম্মাদ আবদুর রশীদ, লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মদ নিয়ামতুল্লাহ, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মুফতি শেখ নাসিম রেজওয়ান, প্রমুখ উপস্থিত ছিলেন। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১৫/১০/২০২৩

শায়লা শারমীন

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬